

# সাদা কাগজে অধ্যক্ষ লিখলেন, 'আমি পদত্যাগ করলাম'

অনলাইন ডেঙ্ক


১১ আগস্ট, ২০২৪

২০:৫৬

শেয়ার

অ +

অ -



নিজ কার্যালয়ে অবরুদ্ধ হয়ে পদত্যাগ করেন কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ আমেনা বেগম।

বৈষম্যবিরোধী শিক্ষার্থীদের তোপের মুখে পদত্যাগ করেছেন কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ আমেনা বেগম।

রবিবার (১১ আগস্ট) সকাল থেকে আন্দোলনকারী শিক্ষার্থীরা ভূয়া ভূয়া বলে স্নোগানে অধ্যক্ষকে তার কার্যালয়ে

অবরুদ্ধ করেন। এ সময় শিক্ষার্থীদের দাবির মুখে সাদা কাগজে 'আমি পদত্যাগ করলাম' লিখে সিল ও স্বাক্ষর দেন অধ্যক্ষ আমেনা বেগম।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কবি নজরুল সরকারি কলেজের সমন্বয়ক মেহেদী বলেন, 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আমাদের কলেজের চারজন শিক্ষার্থী নিহত হয়েছেন এবং শতাধিক শিক্ষার্থী আহত হয়েছেন।

শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান হিসেবে তিনি আহত ও নিহত শিক্ষার্থীদের কোনো খোঁজখবর নেননি। এ ছাড়া দুর্নীতিগ্রস্ত ও স্বেরাচার আওয়ামী লীগের নেতৃী স্থানীয় পর্যায়ে ছিলেন তিনি। কলেজের নানা, অনিয়ম ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত। আমাদের দাবির মুখে দুর্নীতিগ্রস্ত অধ্যক্ষ আমেনা বেগম পদত্যাগ করতে বাধ্য হন।

,

জানা যায়, অধ্যাপক আমেনা বেগম আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদবিষয়ক উপকমিটির (২০২২-২০২৫) সদস্য ছিলেন।